গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
**www.lawjusticediv.gov.bd**

নম্বর:১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৯.২০১৮.১০০৪

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৮ মে ২০২৪

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Establishing Digital Connectivity" শীর্ষক প্রকল্পের প্রান্তিক পর্যায়ের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান।

**সূত্র: ৫৬.০৪.০০০০.১০৬.০৮.০০১.৬১১, তারিখ: ০৮/০৫/২০২৪ খ্রি., তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় এ বিভাগের ১৯৩ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। উক্ত সংযোগ স্থাপনের ব্যয়ভার ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প কর্তৃক বহন করা হবে এবং ইন্টারনেটের মাসিক বিল স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক বহন করবে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Establishing Digital Connectivity" শীর্ষক প্রকল্পের আওতায় প্রান্তিক পর্যায়ে ফাইবার অপটিক্যাল ক্যাবল-এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপন করার বিষয়টি ৬৪ টি জেলা ও দায়রা জজ আদালত, ৬৪ টি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ০৮ টি মহানগর দায়রা জজ আদালত, ০৮ টি চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং উপজেলা পর্যায়ে অবস্থিত ৪৮ টি চৌকি আদালতকে অবহিত করা হলো। সংযোগ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং কাজের অগ্রগতি ও বাস্তবায়নে সমন্বয়কারী ফোকাল অফিসার/প্রতিনিধি হিসেবে এ বিভাগের উপসচিব (বাজেট), জনাব এ.কে.এম কামাল উদ্দিন (০১৮৪১-৮৪২৬৬৯)-কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২৮/৫/২০২৪
(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৭৬৫(অঃ)

প্রকল্প পরিচালক
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। জেলা ও দায়রা জজ (সকল)
২। মহানগর দায়রা জজ (সকল)
৩। জনাব এ.কে.এম কামাল উদ্দিন, উপসচিব, আইন ও বিচার বিভাগ।
৪। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)
৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)
৬। সিনিয়র সহকারী জজ/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।